13

27 JAN 1996

২ ৭

দৈনিক বাংলা

# বাংলাদেশ কৃষি কলেজসমূহে

# ভর্তি বিজ্ঞপ্তি

## (শিক্ষাবর্ষ ১৯৯৫-৯৬ইং)

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ ৩টি কৃষি কলেজে (বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা; পটুয়াখালী কৃষি কলেজ, দুমকি, পটুয়াখালী, হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ, বাঁশেরহাট, দিনাজপুর) ১৯৯৫-৯৬ইং শিক্ষাবর্ষের প্রথমবর্ষ স্নাতক শ্রেণীতে ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

**ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ**

যেসব ছাত্রছাত্রী বিজ্ঞান গ্রুপে ১৯৯২ বা ১৯৯৩ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে পাস করিয়া পরবর্তীতে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, গণিত ও জীববিদ্যাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে কেবলমাত্র সেসব ছাত্রছাত্রী ভর্তির জন্য আবেদন করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় উপরের ৪টি বিষয়ের প্রতিটিতে ন্যূনপক্ষে শতকরা ৪০ নম্বর থাকিতে হইবে।

**ভর্তির জন্য আবেদনের নিয়ম ঃ**

বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা অথবা পটুয়াখালী কৃষি কলেজ, দুমকি, পটুয়াখালী অথবা হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ, বাঁশেরহাট, দিনাজপুর-এর অফিস হইতে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) মাত্র জমা দিয়া অফিস চলাকালীন সময়ে সকাল ৯-০০ টা হইতে বিকাল ২-০০টা পর্যন্ত ভর্তির নির্ধারিত ফরম পাওয়া যাইবে অথবা উক্ত টাকার ব্যাংক ড্রাফট অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট, সোনালী ব্যাংক রেসিডেন্সিয়াল মডেল স্কুল শাখা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ অথবা অধ্যক্ষ, পটুয়াখালী কৃষি কলেজ, রূপালী ব্যাংক, পটুয়াখালী কৃষি কলেজ শাখা, দুমকি, পটুয়াখালী অথবা অধ্যক্ষ, হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ, ন্যাশনাল ব্যাংক লিমিটেড, দিনাজপুর শাখা, দিনাজপুর-এর অনুকূলে নিজ ঠিকানা লিখিত ৫ (পাঁচ) টাকার ডাকটিকিট সংযুক্তপূর্বক একটি বড় আকারের খাম (২৬ X ১১ সেঃ মিঃ) অধ্যক্ষ বরাবর প্রেরণ করিলে ভর্তির নির্ধারিত ফরম পাঠাইয়া দেওয়া হইবে। ভর্তির আবেদনপত্র পূরণ করিয়া সরাসরি অথবা ডাকযোগে অধ্যক্ষের অফিসে সর্বশেষ আগামী ২৯-২-৯৬ইং তারিখ অপরাহ্ণ ২-০০ ঘটিকার মধ্যে অবশ্যই পৌঁছাইতে হইবে। প্রকাশ থাকে যে, ডাকের গোলযোগ বা অন্য কোন কারণে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির আবেদনপত্র না পৌঁছাইলে তাহা গ্রহণযোগ্য হইবে না। কোন পোস্টাল অর্ডার অথবা মানি অর্ডার গ্রহণ করা হইবে না। পূরণকৃত আবেদনপত্রের সঙ্গে প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হইবে।

০১। বোর্ড হইতে প্রাপ্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

০২। মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হইবে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার সনদপত্রের ফটোকপি (যদি থাকে) প্রদান করিতে হইবে। তবে উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্র এবং কলেজ প্রধানের সনদপত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করিতে হইবে।

০৩। স্কুল ও কলেজ প্রধানের নিকট হইতে পরীক্ষার ফলাফল ও চরিত্রগত প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি।

০৪। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের দুইখানা সত্যায়িত ছবি।

**ভর্তির জন্য লিখিত নির্বাচনী পরীক্ষা ঃ**

ভর্তির জন্য চূড়ান্ত নির্বাচন মোট ১০০ নম্বরের উপর অনুষ্ঠিত হইবে, যাহার বন্টন নিম্নরূপ ঃ

(ক) উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রম অনুযায়ী পদার্থবিদ্যা, রসায়নশাস্ত্র, গণিত, জীববিদ্যা ও সাধারণ জ্ঞান এই ৫ (পাঁচ)টি বিষয়ে ১-৩০ (এক ঘন্টা ত্রিশ মিনিট) লিখিত পরীক্ষার উপর ৯০ নম্বর;

(খ) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রাপ্ত নম্বরের উপর ১০ নম্বর;

সংরক্ষিত আসন ছাড়া ভর্তির আসন সংখ্যা ৩৫০ (তিন শত পঞ্চাশ) প্রার্থীদের দরখাস্তের সংখ্যা অধিক হইলে দরখাস্তসমূহ হইতে তাহাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধানুসারে নির্বাচিত আসনের সর্বোচ্চ দশগুণ অর্থাৎ ৩,৫০০ (তিন হাজার পাঁচ শত) পরীক্ষার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে দেওয়া হইবে। তবে ৩,৫০০তম প্রার্থীর সমান নম্বর প্রাপ্ত সকলকেই লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে;

(গ) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয় ও অউপজাতীয় প্রার্থীদের জন্য ১০ (দশ) টি আসন সংরক্ষিত থাকিবে। এই ১০ জন প্রার্থীর মেধানুযায়ী বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা-৪ জন; পটুয়াখালী কৃষি কলেজ, দুমকি, পটুয়াখালী-৩ জন, হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ, বাঁশেরহাট, দিনাজপুর-৩ জন প্রার্থীকে ভর্তি করা হইবে। সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয় ও অউপজাতীয় প্রার্থীদেরকে স্ব-স্ব জেলা প্রশাসকের নিকট হইতে জেলার স্থায়ী বাশিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্র গ্রহণ করিয়া তাহা ভর্তির আবেদনপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে. এ এলাকার ছাত্র-ছাত্রীরা সংরক্ষিত আসনগুলির বিপরীতে সরাসরি দরখাস্ত করিবে। ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী সংরক্ষিত আসনসমূহের বিপরীতে উপজাতীয় ও অউপজাতীয় প্রার্থীদের একটি আলাদা তালিকা প্রণয়ন করিয়া শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হইবে। শিক্ষা মন্ত্রণালয়, জিওসি, ২৪ পদাতিক ডিভিসন, চট্টগ্রামের মাধ্যমে প্রার্থীদের প্রাক-পরিচয় ইত্যাদি যাচাই করতঃ চূড়ান্ত অনুমোদন প্রদান করার পর উপজাতীয় ও অউপজাতীয় প্রার্থীদের সংরক্ষিত আসনের বিপরীতে ভর্তির জন্য নির্বাচিত করা হইবে। আবেদনপত্রের শীর্ষদেশে "সংরক্ষিত আসনে ভর্তির জন্য আবেদন" এই মর্মে উল্লেখ থাকিতে হইবে। ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা উপরে বর্ণিত শর্তের অনুরূপ হইবে। মোট ৩৫০টি আসনের মধ্যে মেধা ভিত্তিতে ১৫০টি বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা; ১০০টি পটুয়াখালী কৃষি কলেজ, দুমকি, পটুয়াখালী ও ১০০টি হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ, বাঁশেরহাট, দিনাজপুরের জন্য নির্ধারিত থাকিবে। ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের ছাত্র/ছাত্রীদের বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা; বরিশাল ও খুলনা বিভাগের ছাত্র/ছাত্রীদের পটুয়াখালী কৃষি কলেজ, দুমকি, পটুয়াখালী ও রাজশাহী বিভাগের ছাত্র/ছাত্রীদের হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ, বাঁশেরহাট, দিনাজপুর কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে;

**ভর্তি সংক্রান্ত কার্যক্রম নিম্নের সময়সূচী অনুযায়ী চলিবে ঃ**

০১। নির্ধারিত ফরম বিক্রয়ের শেষ তারিখ ঃ ২৮-২-৯৬ইং (বিকাল ২টা পর্যন্ত);

০২। পূরণকৃত ভর্তি ফরম (বাহক/ডাকযোগে) গ্রহণের শেষ তারিখ ঃ ২৯-২-৯৬ইং (বিকাল ২টা পর্যন্ত);

০৩। লিখিত পরীক্ষার তারিখ ও সময় ঃ ২৯-৩-৯৬ইং সকাল ১০-০০ ঘটিকায় শুরু হইবে;

উপরোক্ত সময়সূচীর যে কোন পরিবর্তন যথাসময়ে গণমাধ্যম মারফত বিজ্ঞপ্তি আকারে জানানো হইবে। ভর্তির পূর্বে প্রত্যেক প্রার্থীকে কৃষি কলেজসমূহের মেডিক্যাল অফিসার হইতে শারীরিক সুস্থতার সন্তোষজনক সনদপত্র অবশ্যই সংগ্রহ করিতে হইবে, অন্যথায় প্রার্থীকে অযোগ্য বলিয়া গণ্য করা হইবে। ভর্তি সংক্রান্ত ব্যাপারে প্রার্থীদিগকে কোন প্রকার যাতায়াত ভাতা দেওয়া হইবে না এবং তাহাদের আহার ও বাসস্থানের কোনরূপ দায়-দায়িত্ব ইনস্টিটিউট/ কলেজ বহন করিবে না। আবাসিক হলে সীটের অপ্রতুলতাহেতু ভর্তিকৃত ছাত্রছাত্রীদের থাকার কোন নিশ্চয়তা দেওয়া হইবে না। ভুল তথ্য সংবলিত, অসম্পূর্ণ, অস্পষ্ট দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনক্রমেই ভর্তি ফরম বিক্রয় করা এবং পূরণকৃত ভর্তি ফরম জমা নেওয়া হইবে না।

**(ডঃ এম এ মাজেদ)**
সভাপতি
কেন্দ্রীয় ভর্তি কমিটি ও
মহাপরিচালক
**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**
জয়দেবপুর, গাজীপুর।

পি-১৫২ (১৫ X ২)